

নাম: নূর মোহাম্মদ সরদার

জন্ম তারিখ: ১ মার্চ, ২০০৫

শহীদ হওয়ার তারিখ: ৪ আগস্ট, ২০২৪

ব্যক্তিগত তথ্য:

পেশা : দিনমজুর,

শাহাদাতের স্থান : পিটিআই মোড়, মুন্সিগঞ্জ সদর।

### শহীদের জীবনী

দিনমজুর নূর মোহাম্মদ সরদার ২০০৫ সালের ১ মার্চ ঢাকা বিভাগের মুন্সিগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি তার একমাত্র ভাই দিনমজুর রুবেলকে সাথে নিয়ে নানীর সাথে ভাড়া বাড়িতে বসবাস করতেন। শহীদ নূর মোহাম্মদ সরদারের বয়স যখন ৫ কিংবা ৭ বছর এবং তার ছোট ভাইয়ের বয়স আরো কম তখন তার বাবা তাদের ছেড়ে অন্যত্র বিয়ে করে চলে যান। পরবর্তীতে তাদের মা অন্যত্র বিয়ে করে চলে যান। এখন পর্যন্ত তাদের কোনো খোঁজ খবর নাই। অনাথ দুই শিশু সন্তানের আশ্রয় হয় নানীর কাছে। এই মহীয়সী নারী ভিক্ষা করে তাদের প্রতিপালন করেন। সেই নানীকে সঙ্গে নিয়ে তারা একত্রে বসবাস করতেন ভাড়া বাড়িতে। নিহত শহীদ নূর মোহাম্মদ সরদারদের ভিটেবাড়ি, কৃষি জমি এবং আয়ের কোনো উৎসই নেই। বৃদ্ধা নানী উপার্জনক্ষম নাটিকে হারিয়ে অসহায় হয়ে পড়েছেন।

#### শাহাদাতের প্রেক্ষাপট

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সারাদেশের মানুষ এক নতুন বাংলাদেশের স্বপ্ন দেখতে শুরু করে। অবৈধ দখলদার স্বৈরাচার খুনি হাসিনার দুঃশাসনে সব শ্রেণির মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠেছিল। তারা স্বপ্ন দেখতো এই দুঃশাসন একদিন দূরীভূত হয়ে ন্যায় ও সাম্যের বাংলাদেশ প্রতিষ্ঠিত হবে। কিন্তু শহীদ নূর মোহাম্মদ সরদারের স্বপ্ন স্বপ্নই থেকে যায়। দ্বিতীয়বার দেশ স্বাধীনের মাত্র একদিন পূর্বে অর্থাৎ বিজয়ের মাত্র একদিন আগে আওয়ামী হায়েনাদের হাতে নিষ্ঠুর আক্রমণের শিকার হয়ে পরপারে পাড়ি জমান তিনি। ৪ আগস্ট ২০২৪ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন সারাদেশব্যাপী অসহযোগ আন্দোলনের ডাক দেয়। উক্ত কর্মসূচির অংশ হিসেবে মুন্সীগঞ্জে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন পিটিআই মোড়ে অবস্থান কর্মসূচির আয়োজন করে। শহীদ নূর মোহাম্মদ সরদার উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করেন। সকাল ১০টা ৩০ মিনিটে স্বৈরাচার ফ্যাসিস্ট খুনি হাসিনার লেলিয়ে দেওয়ার যুবলীগ, ছাত্রলীগের সন্ত্রাসী কর্মীরা অস্ত্রসহ উক্ত কর্মসূচিতে আক্রমণ করে এবং শহীদ নূর মোহাম্মদ সরদারকে বেদম প্রহার করে। এ সময় তিনি মাটিতে লুটিয়ে পড়লে তাকে ক্রমাগত মাথায় গুলি করা হয়। ঘটনাস্থলেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। স্থানীয় লোকজন মুন্সিগঞ্জ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক শহীদ শহীদ সজলকে মৃত ঘোষণা করেন। মুন্সীগঞ্জের মাটিতেই তাকে কবরস্থ করা হয়।

এ ঘটনায় শহীদ নূর মোহাম্মদের নানী সেফালী বেগম বাদী হয়ে মুন্সিগঞ্জ সদর থানায় মামলাটি করেন। মামলায় ৩১৩ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ২০০-৩০০ জনকে আসামি করা হয়েছে। মুন্সিগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম এসব তথ্য নিশ্চিত করেছেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, স্বৈরাচার শেখ হাসিনা সরকারের পদত্যাগের দাবিতে ৪ আগস্ট সকালে মুন্সিগঞ্জ শহরে সুপার মার্কেট এলাকার কৃষি ব্যাংকসংলগ্ন স্থানে ছাত্র-জনতার শান্তিপূর্ণ অসহযোগ আন্দোলন চলছিল। ওই সময় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক যোগাযোগমন্ত্রী ওবায়দুল কাদের, সাবেক সংসদ সদস্য মোহাম্মদ ফয়সাল, মুগাল কান্তি দাস ও সাণ্ডফতা ইয়াসমিন, জেলা পরিষদ চেয়ারম্যান মো: মহিউদ্দিনের যৌথ নির্দেশে অস্ত্র, ককটেল, ছুরি, রামদা নিয়ে আসামিরা ছাত্র-জনতার ওপর হামলা চালান। ওই সময় শহর ছাত্রলীগের সভাপতি নসিবুল ইসলাম, পঞ্চসার ইউপির চেয়ারম্যান গোলাম মোস্তফা ও তাঁর ভাই গোলাম কিবরিয়াসহ ১২ জন গুলি চালান। নূর মোহাম্মদকে লক্ষ্য করে বৃকে গুলি করে মামলার ১৮ নম্বর আসামি শহর ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজ্জাত হোসেন। পরে অন্য আসামিরা তাঁকে কুপিয়ে ও পিটিয়ে গুরুতর জখম করেন। এ ছাড়া তাঁরা ছাত্র-জনতার ওপর এলোপাতাড়ি গুলি চালিয়ে, ককটেল বিস্ফোরণ করে, পিটিয়ে ও কুপিয়ে আহত করেন।

#### শহীদের পরিবার সংক্রান্ত বিশেষ তথ্য

দেশের জন্য জীবন উৎসর্গকারী শহীদ নূর মোহাম্মদ সরদারদের ভিটে-মাটি, কৃষি জমি কিছুই নেই। এক সময়ে ভিক্ষা করে জীবন নির্বাহকারী নানী অন্যত্র বাড়িতে ভাড়া থাকেন। উপার্জনক্ষম নাটিকে হারিয়ে তিনি একেবারেই অসহায় হয়ে পড়েছেন। বাকরুদ্ধ বৃদ্ধা নানী প্রায়ই কান্নাকাটি করে দিনাতিপাত করছেন।

#### একনজরে শহীদ পরিচিতি

নাম : নূর মোহাম্মদ সরদার

পিতার নাম : সিরাজ সরদার

মাতার নাম : নুপুর বেগম

জন্ম তারিখ : ০১ মার্চ ২০০৫

স্থায়ী ঠিকানা : গ্রাম: উত্তর ইসলামপুর, ইউনিয়ন: উত্তর ইসলামপুর, থানা: মুন্সিগঞ্জ সদর, জেলা: মুন্সিগঞ্জ

বর্তমান ঠিকানা : একই

ভাই বোন : এক ভাই (দিনমজুর)

শহীদ হওয়ার স্থান : পিটিআই মোড়, মুন্সিগঞ্জ সদর  
শহীদ হওয়ার সময় : ৪ আগস্ট ২০১৪, সকাল ১০:৩০ মিনিট  
যাদের আক্রমণের শহীদ : আওয়ামী লীগ, যুবলীগ এবং ছাত্রলীগের সন্ত্রাসী

প্রস্তাবনা

১. শহীদের বৃদ্ধা নানী এবং ছোট ভাইয়ের জন্য একটি স্থায়ী আবাসস্থলের ব্যবস্থা করে দেওয়া
২. শহীদ পরিবারের জন্য নিয়মিত অনুদানের ব্যবস্থা করা
৩. ছোট ভাইয়ের কর্মসংস্থানের ব্যবস্থা করে দেওয়া